তারিখ 29 DEC 1995
পৃষ্ঠা 1 কলাম 1

দৈনিক বাংলা

23

# চট্টগ্রাম ভার্সিটিতে ভিসি নিয়োগ নিয়ে জটিলতা

চট্টগ্রাম, ২৮ ডিসেম্বর (বাসস)।- চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের জাতীয়তাবাদী শিক্ষক পরিষদের কয়েকজন শিক্ষক সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি সুপ্রীম কোর্টের একজন বিচারপতিকে সাময়িকভাবে এ বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর নিয়োগ করার আহ্বান জানিয়েছেন।

অধ্যাপক আবদুন নূর, ডঃ আবদুল মালেক ও নেসারুল হক এক বিবৃতিতে বলেন, বর্তমান ভাইস চ্যান্সেলরের

(৪-এর পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

## চট্টগ্রাম ভার্সিটিতে

(প্রথম পৃষ্ঠার পর)

কার্যকাল ২৯ ডিসেম্বর শেষ হয়ে যাচ্ছে কিন্তু চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষক প্যানেল প্রস্তাব করার ব্যাপারে গুরুতর সমস্যার সম্মুখীন হয়েছে। তারা বলেন, জটিলতা এড়ানোর জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের উচিত সুপ্রীম কোর্টের একজন বিচারপতিকে সাময়িকভাবে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর নিয়োগ করা।

শিক্ষক প্যানেল গঠনের ব্যাপারে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের মধ্যে ব্যাপক মতভেদ রয়েছে। এদের মধ্যে থেকেই বিশ্ববিদ্যালয়সমূহের চ্যান্সেলর একজন শিক্ষককে এর আগে ভাইস চ্যান্সেলর নিয়োগ করেছিলেন।